

১০/১১/০৭
৪৪

ঘূর্ণিদুর্গত এলাকার শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে বই ও শিক্ষা উপকরণ বিতরণ করার আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ৩ জেডার এড ডেভেলপমেন্ট এলায়েন্সের সংবাদ সম্মেলনে বক্তারা ঘূর্ণিঝড়ে আক্রান্ত এলাকার প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে বোর্ডের বই ও প্রয়োজনীয় শিক্ষার উপকরণ বিতরণ এবং সকল পরীক্ষার দ্রুত তারিখ নির্ধারণের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। সেইসঙ্গে তারা শিক্ষা খাতে আরো অনুদান বৃদ্ধি এবং নতুন শিক্ষার্থীদের ভর্তি ফি মওকুফেরও দাবি জানিয়েছেন। গতকাল বৃহস্পতিবার সংগঠনের কার্যালয়ে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন সংগঠনের নির্বাহী পরিচালক রঞ্জন কর্মকার, সদস্য সচিব আনোয়ার আহমিদ, সদস্য রেখা মাহা, সম্পাদক মাহবুবা বেগম নিলু, ফিরোজ আহমেদ বাবু এবং বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা।

বক্তারা বলেন, ক্ষতিগ্রস্ত এলাকার শিক্ষার্থীদের হাতবিক শিক্ষা জীবনে ফিরিয়ে আনতে যে উদ্যোগ নেয়া হয়েছে তা সন্তোষজনক করতে

হবে। প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের পরিসংখ্যান অনুযায়ী ৮২টি জেলার ৫৮২টি শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণ ও ২৪৫৬টি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রাথমিকভাবে প্রায় বেসরকারি হিসাবেই ঘূর্ণিঝড়ের ছোবলে ৮ হাজারের বেশি শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে তমু বরিশাল বিভাগেই ৩ হাজার প্রাথমিক স্কুল

জেডার এড ডেভেলপমেন্ট এলায়েন্সের সংবাদ সম্মেলনে বক্তারা

কম্প্রাইজ এবং ২১টি জেলার ৬ লক্ষাধিক এসএসসি, দাখিল, প্রাথমিক-জুনিয়র বৃত্তি ও বার্ষিক পরীক্ষার্থী রয়েছে। তারা মা-বাবা, আত্মীয়-

স্বজনের পাশাপাশি বই ও পড়ার আনুষঙ্গিকও হারিয়ে ফেলেছে। ফলে আসন্ন পরীক্ষায় তাদের অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। বক্তারা বলেন, এসব শিক্ষার্থীর অনেকেরই শিক্ষাজীবন থেকে ঝরে পড়ার সম্ভাবনা রয়েছে। এ সম্ভাবনা আরো বৃদ্ধি পাবে তাদের বই না থাকায়। তাই অনতিবিলম্বে এসব স্থানের শিক্ষার্থীদের শিক্ষা পুনর্বাসন জরুরী।